গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৫২.২০২০-১৭

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৭
০১ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন চর শশী ভুষণ জাহেরিয়া দাখিল মাদ্রাসা-এর বিএসআর এ পরিদর্শন প্রতিবেদনের আলোকে বিএসআর যথাযথভাবে প্রণীত না হওয়ায় ডিআইএ এর নির্দেশনা বাস্তবায়নক্রমে প্রমাণকসহ বিএসআর পুনরায় টিএমইডি-তে প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: ১) ডিআইএ/ভোলা/২০০৬-এম/খুলনা: ৩৩৯১, তারিখ: ০৯/০৩/২০১৭ খ্রি.
২) ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৯.০৫৪.১৬-২৮৫, তারিখ: ১৬/০৭/২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন চর শশী ভুষণ জাহেরিয়া দাখিল মাদ্রাসা-এর বিএসআর টিএমইডি-তে পাওয়া গেছে।

০২. প্রাপ্ত বিএসআর টি পর্যালোচনায় নিম্নবর্ণিত ত্রুটি পাওয়া যায় :-

| পরিদর্শন প্রতিবেদনের ক্রমিক নং | ডিআইএ এর আপত্তি | ডিআইএ এর আপত্তির আলোকে ডিএমই এর মতামত | ডিজি, ডিএমই এর মতামতের প্রেক্ষিতে টিএমইডি এর মন্তব্য | পরবর্তী করণীয় বিষয়ে টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ (চ) | স্টক টেকিং কমিটি নেই এবং বছর শেষে স্টক টেকিং করা হয় না। স্টক টেকিং কমিটির প্রতিবেদন মোতাবেক প্রতিষ্ঠানের অস্থাবর সম্পত্তির ব্যবস্থা করতে হবে। | আপত্তি নিষ্পত্তি করা যেতে পারে। | বর্তমানে স্টক টেকিং করা হয় কিনা এবং প্রতিষ্ঠানের অস্থাবর সম্পত্তির ব্যবস্থাপনা করা হয় কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | বিএসআর-এ ডিআইএ এর নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য না থাকায় ডিআইএ এর নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ পুনরায় বিএসআর আগামী ২৪.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ১ (ছ) | রেজিস্টারসমূহ চালু করতে হবে এবং তাহা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে রেজিষ্ট্রার চালু করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ (ঝ) | বর্তমানে ১৫ জন শিক্ষকের মধ্যে কোন মহিলা শিক্ষক নিয়োজি নেই। ভবিষ্যতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা পূরণ করতে হবে। | বিধি মোতাবেক মহিলা কোটা পূরণ করার শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে মহিলা শিক্ষক পূরণ করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ১ (ট) | বর্তমানে জনাব মো: আলকাছ উদ্দিন, ইনডেক্স নং (০৬৭৯৫৪) ০৩/১২/১৯৮৩ ইং হতে জুনিয়র শিক্ষক হিসাবে কর্মরত আছেন। উক্ত শিক্ষক উল্লেখিত জারীকৃত জনবল কাঠামোর পূর্বে নিয়োগ বিধায় উদ্বৃত্ত শিক্ষক হিসেবে কর্মরত থেকে সরকারি বেতন ভাতাদি পেতে থাকবেন। তবে উক্ত পদটি শূণ্য হলে তদস্থলে নতুনভাবে শিক্ষক নিয়োগ করা যাবে না। | পূর্বে নিয়োগকৃত জুনিয়র শিক্ষক জনাব মো: আলকাছ উদ্দিন অবসর গ্রহণ করিলে বা উক্ত পদটি কোন কারণে শূণ্য হলে তদস্থলে কোন নতুন শিক্ষক নিয়োগ দেয়া হবে না শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে পদটি শূণ্য আছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ১(ঢ) | উপবৃত্তির টাকা প্রতিষ্ঠানের তহবিলে জমা করা হয় না এবং কলামনার ক্যাশ বহিতে উপবৃত্তির টাকা এন্ট্রি করা হয় না। | মন্তব্য প্রয়োজন নেই। | বর্তমানে উপবৃত্তির টাকা কলামনার ক্যাশ বহিতে এন্ট্রি করা হয় কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ২(ক) | জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করতে হবে। জমির খাজনা হালসন নাগাদ পরিশোধ করে খাজনা রশিদ সংরক্ষণ করতে হবে। | প্রতিষ্ঠানের নামে জমি খাজনা খারিজ করে হালসন পর্যন্ত খাজনা পরিশোধ করে প্রমাণক প্রেরণের শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | প্রতিষ্ঠানের নামে বর্তমানে খাজনা খারিজ ও হালসন পর্যন্ত খাজনা পরিশোধ করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ২ (খ) | প্রতিষ্ঠানে শিক্ষার্থী ঝড়ে পড়ার হার কমিয়ে আনার সুপারিশ করা হলো। বিষয়টির প্রতি পরিচালনা কমিটির দৃষ্টি আকর্ষণ করা হলো। | ঝড়ে পড়া শিক্ষার্থীর হার কমানোর প্রমাণক প্রেরণের শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে ঝড়ে পড়ার হার কমিয়ে আনা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ (গ) | প্রতি শিক্ষাবর্ষের প্রথমে প্রণীত বার্ষিক পাঠ পরিকল্পনা তৈরি করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। | একাডেমিক সুপারভিশন সংক্রান্ত সকল শিক্ষামূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন/পরিচালনা করার শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে পাঠ পরিকল্পনা তৈরি করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৪ (ক) | ১. নিয়মিতভাবে আয়-ব্যয়ন কর্মকর্তা হিসেবে প্রতিষ্ঠান প্রধানকে ক্যাশ বহিতে স্বাক্ষর করতে হবে।<br>২. কর্মরত শিক্ষকদের সমন্বয়ে ক্রয় কমিটি গঠন করতে হবে। ক্রয় কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের সকল মালামাল ক্রয় করতে হবে এবং মজুদ রেজিস্টারে তাহা যথাসময়ে এন্ট্রি করতে হবে। পর্যায়ক্রমে সকল শিক্ষককে ক্রয় কমিটিতে অন্তর্ভূক্ত করতে হবে।<br>৩. প্রতিষ্ঠানের সকল আয় সাধারণ তহবিলের ব্যাংক হিসাবে জমা করতে হবে। প্রয়োজনে ব্যাংক হতে উত্তালন করে ব্যয় করতে হবে।<br>৪. অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতি তিন মাস অন্তর করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে তিন সদস্যবিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন করে প্রতি তিন মাস অন্তর প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় নিরীক্ষা করতে হবে। | প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় হিসাব সুষ্ঠুভাবে সম্পাদন/পরিচালনা করার শর্তে প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব ষ্ট্যাম্প ব্যবহার করা, আয়কর কর্তন করা, ভ্যাট কর্তন করা, টেন্ডার করা, কোটেশন করা এবং প্রতিষ্ঠানের আয় অনুযায়ী ব্যয় করার শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে আয়-ব্যয় সংক্রান্ত আপত্তিটি সম্পাদন করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ (খ) | ভবিষ্যৎ তহবিল চালু হয়নি। কর্মরত সকল শিক্ষক ও কর্মচারীর নামে পৃথক পৃথক ব্যাংক হিসাবে ভবিষ্যৎ তহবিল চালু করতে হবে। | সাধারণ তহবিলে কাম্য পরিমাণ টাকা জমা রাখতে হবে। শিক্ষক/কর্মচারীর নামে স্ব-স্ব নামে ভবিষ্যৎ তহবিল চালু করে নিয়মিত টাকা কর্তন করার শর্তে আপত্তি নিষ্পত্তিযোগ্য। | বর্তমানে ভবিষ্যৎ তহবিল চালু করা হয়েছে কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

**০৩. ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের প্রতিটি নির্দেশনা বাস্তবায়নক্রমে বিএসআর প্রণয়নপূর্বক টিএমইডি-তে প্রেরণ এবং সে সাথে পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনার আলোকে প্রতিটি বিএসআর তৈরিক্রমে টিএমইডি-তে প্রেরণ করাও আবশ্যক।**

**০৪. এমতাবস্থায়, উপরিউক্ত মতে ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের আপত্তির আলোকে ছকে বর্ণিত ৫ নং কলামের নির্দেশনা মোতাবেক আপত্তিগুলো বাস্তবায়নক্রমে সে অনুযায়ী বিএসআর পুনরায় তৈরিপূর্বক আগামী ২৪.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রমাণকসহ টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা দেয়া হলো এবং সে সাথে ভবিষ্যতে বিএসআর প্রেরণের সময় অধিকতর সতর্কতা অবলম্বনে মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।**

১-৯-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ গার্লস গাইড
এসোসিয়েশন গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা নিউ
বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৫২.২০২০-১৭/১(৭)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৭
০১ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
৩) সভাপতি, ম্যানেজিং কমিটি, চর শশী ভুষণ জাহেরিয়া দাখিল মাদ্রাসা, চরফ্যাশন, ভোলা।
৪) সুপার, চর শশী ভুষণ জাহেরিয়া দাখিল মাদ্রাসা, চরফ্যাশন, ভোলা।
৫) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬) উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭) অফিস কপি, মাস্টার কপি।

১-৯-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব